# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 17-03-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর -

১) ৪৬,০০০ মেট্রিক টন এলপিজি নিয়ে ট্যাঙ্কার 'নন্দা দেবী' গুজরাটের ভাদিনার বন্দরে এসে পৌঁছেছে।

২) পশ্চিম এশিয়ায় চলতি সংকট সত্ত্বেও ভারতের অর্থনৈতিক পরিস্থিতি শক্তিশালী অবস্থানেই রয়েছে।বলেছেন, কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল।

৩) কৃষকদের দাবি-দাওয়া যথাসময়ে নিষ্পত্তির বিষয়টি নিশ্চিত করতে এবং স্বচ্ছতা ও দায়বদ্ধতা আনতে সরকার 'প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা'-য় প্রয়োজনীয় সংশোধন এনেছে।

৪) প্রতিবেশী দেশগুলির জনগণের মধ্যে ইসলাম ধর্মাবলম্বী মানুষদের সম্পর্কে ভীতি রয়েছে এমন মনগড়া গুজব ছড়ানোর জন্য ভারত আজ পাকিস্তানের তীব্র সমালোচনা করেছে।

৫) রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু বলেছেন কেন্দ্রীয় সরকারের পিএম পোষন শক্তি নির্মাণ প্রকল্প সুস্থ ও শক্তিশালী দেশ গঠনে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

৬) কাবুলের একটি হাসপাতালে পাক বিমান হামলায় কমপক্ষে ৪০০ জনের মৃত্যু। আহত আরো আড়াইশো জন।

oooooooooooooooooooooo

মধ্যপ্রাচ্যের সংঘাতের আবহে, কাতার থেকে রান্নার গ্যাস বহনকারী জাহাজ- নন্দাদেবী, গুজরাটের ভানার বন্দরে আজ সকালে এসে পৌঁছেছে। ৪৬ হাজার মেট্রিক টন গ্যাস সহ এই জাহাজ হরমুজ প্রণালী অতিক্রম করে। এর আগে গতকাল গুজরাটের মুন্দ্রা বন্দরে শিবালিক নামে আরেকটি জাহাজ, রান্নার গ্যাস নিয়ে এসে পৌঁছেছে। এর ফলে দেশে গ্যাসের মজুত যথেষ্ট শক্তিশালী হল।

নতুন দিল্লিতে গতকাল আন্তঃমন্ত্রক গোষ্ঠীর সাংবাদিক সম্মেলনে বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের বিশেষ সচিব রাজেশ কুমার সিন্‌হা জানান, ৮১ হাজার টন অপরিশোধিত তেল নিয়ে ‘জাগ লড়কি’ নামে আরেকটি জাহাজ, আজ আরো পরে দেশে এসে পৌঁছবে।

oooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় চলতি সংকট সত্ত্বেও ভারতের অর্থনৈতিক পরিস্থিতি শক্তিশালী অবস্থানেই রয়েছে।বলেছেন, কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল। আজ লোকসভায় প্রশ্নোত্তর পর্বে সম্পূরক প্রশ্নের জবাবে শ্রী গোয়েল আরও বলেন যে, ভারতের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক জোরদার করার ব্যাপারে বিশ্বজুড়ে উৎসাহ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। তিনি জানান, গত তিন বছরে ৩৮টি দেশের সঙ্গে বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে, যা রপ্তানিকারকদের জন্য নতুন সুযোগের দ্বার উন্মোচন করেছে। মন্ত্রী জোর দিয়ে বলেন যে, এই সমস্ত মুক্ত বাণিজ্য চুক্তি (FTA) যখন পুরোপুরি কার্যকর হবে, তখন তা ভারতীয় রপ্তানিকারীদের জন্য বিপুল সম্ভাবনা তৈরি করবে।

(বাইট - পীযূষ গোয়েল)

oooooooooooooooooooooo

কৃষকদের দাবি-দাওয়া যথাসময়ে নিষ্পত্তির বিষয়টি নিশ্চিত করতে এবং স্বচ্ছতা ও দায়বদ্ধতা আনতে সরকার 'প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা'-য় প্রয়োজনীয় সংশোধন এনেছে। আজ লোকসভায় এক সম্পূরক প্রশ্নের জবাবে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানান যে, আগে কৃষকদের তাদের ব্যাংক অ্যাকাউন্টে অর্থ পেতে বেশ কয়েক মাস অপেক্ষা করতে হতো। তিনি বলেন, বিমা সংস্থাগুলি যদি ২১ দিনের মধ্যে কৃষিসংক্রান্ত দাবি নিষ্পত্তি করতে ব্যর্থ হয়, তবে তাদের ১২ শতাংশ হারে সুদসহ সেই অর্থ পরিশোধ করতে হবে। মন্ত্রী আরও জানান যে, রাজ্য সরকারগুলিও যদি দাবি নিষ্পত্তির প্রক্রিয়ায় বিলম্ব করে, তবে তাদেরও কৃষকদের ১২ শতাংশ হারে সুদ দিতে হবে। শ্রী চৌহান বলেন, দাবি নিষ্পত্তি

সংক্রান্ত যেকোনো অভিযোগ বা সমস্যার বিষয়ে কৃষকরা 'কৃষি রক্ষক পোর্টাল'-এ অভিযোগ দায়ের করতে পারবেন। তিনি জানান, এখন পর্যন্ত ওই পোর্টালে ২ লক্ষ ৭১ হাজার অভিযোগ নথিভুক্ত হয়েছে এবং সরকার বর্তমানে সেই অভিযোগগুলো খতিয়ে দেখছে ও এ বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করছে।

oooooooooooooooooooooo

প্রতিবেশী দেশগুলির জনগণের মধ্যে ইসলাম ধর্মাবলম্বী মানুষদের সম্পর্কে ভীতি রয়েছে এমন মনগড়া গুজব ছড়ানোর জন্য ভারত আজ পাকিস্তানের তীব্র সমালোচনা করেছে। আহমদিয়া সম্প্রদায়ের ওপর চালানো ইসলামাবাদের নৃশংস দমন-পীড়ন কিংবা রমজান মাসে আফগানিস্তানের ওপর পাক বিমান হামলার ঘটনা নিয়েও প্রশ্ন তুলেছে ভারত।

রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদে 'ইসলামভীতি মোকাবিলার আন্তর্জাতিক দিবস' উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণে ভারতের স্থায়ী প্রতিনিধি পি. হরিশ আরও বলেছেন, 'অর্গানাইজেশন অফ ইসলামিক কো-অপারেশন' - OIC কে হাতিয়ার করে ভারতের পশ্চিমী প্রতিবেশী দেশটি বারবার ভারতের বিরুদ্ধে মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ তুলছে। তিনি জোর দিয়ে বলেন যে, এবং রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয়—উভয় ক্ষেত্রেই ধর্মকে সংকীর্ণ রাজনৈতিক স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে ব্যবহার করার যে ক্রমবর্ধমান প্রবণতা ও বিপদ দেখা দিয়েছে, রাষ্ট্রসংঘের জন্য সেদিকে দৃষ্টি দেওয়া অত্যন্ত জরুরি।

ভারত যে ২০ কোটিরও বেশি মুসলিমের আবাসস্থল—যা বিশ্বের মুসলিম জনগোষ্ঠীর অন্যতম বৃহত্তম অংশ একথা উল্লেখ করে তিনি বলেন, জম্মু ও কাশ্মীর সহ ভারতের মুসলিমরা তাদের নিজেদের পক্ষে কথা বলার জন্য তাদের নিজস্ব প্রতিনিধিদের নির্বাচন করেন।

oooooooooooooooooooooo

বিদেশ মন্ত্রী ডঃ সুব্রমনিয়াম জয়শঙ্কর ব্রাসেলসে ইউরোপীয় ইউনিয়নের বিদেশ মন্ত্রীদের সঙ্গে বৈঠক করেছেন । তাঁদের মধ্যে পশ্চিমএশিয়ায় উত্তেজনা পূর্ণ পরিস্থিতি ও রাশিয়া - ইউক্রেন সংঘাত নিয়ে আলোচনা হয়েছে। মতবিনিময় হয়েছে ভারত-ইউরোপ সম্পর্ক আরও গভীর করার উপায় নিয়েও।

ইউরোপীয় ইউনিয়নের বিদেশ ও নিরাপত্তা নীতি প্রধান কাজা কাল্লাসের আমন্ত্রণে দুই দিনের ব্রাসেলসে সফরে ড. জয়শঙ্কর, ইইউ'র বিদেশ বিষয়ক পরিষদের বৈঠকে অংশ নিচ্ছেন। তিনি ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লেয়েন এবং জার্মানি, গ্রিস ও বেলজিয়ামের বিদেশ মন্ত্রীদের সঙ্গে আলাদা করে বৈঠক করেছেন।

ইউরোপীয় কমিশন প্রেসিডেন্ট ভন ডার লিয়েনের সঙ্গে বৈঠকের পর ড. জয়শঙ্কর বলেন, গত জানুয়ারিতে তাঁর ভারত সফর ভারত-ইইউ সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ মোড়।

কাজা কাল্লাস জানান, ইইউ'র বিদেশ বিষয়ক পরিষদ, হরমুজ প্রণালীতে নিরাপদে জাহাজ চলাচলের বিষয়ে তাদের নৌ মিশন Aspides এবং একটি ইউরোপীয় নিরাপত্তা কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে।

জার্মান বিদেশ মন্ত্রী জোহান ভাডেফুলের সঙ্গে বৈঠকের পর ড. জয়শঙ্কর জানান, তারা পশ্চিম এশিয়ার সংঘাত নিয়ে পারস্পরিক মতবিনিময় করেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করেছেন।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয় "কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক"। এই নিয়ে কানাডা প্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন প্রথম পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। দ্বিতীয় পর্ব শুনবেন আগামীকাল রাত সাড়ে নটায়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী **২৯শে মার্চ রবিবার**, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।
হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষা ব্যক্তিজীবনের নানা সুযোগ তৈরীর এক গুরুত্বপূর্ণ হাতিয়ার। শিক্ষাই আমাদের জীবনে সাফল্য নিয়ে আসে। নতুন দিল্লিতে 'অক্ষয় পাত্র' ফাউন্ডেশন আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, বিদ্যালয় স্তরের শিক্ষা থেকে ক্ষমতায়ন ও দক্ষতা বিকাশের সূচনা হয়।

'অক্ষয় পাত্র' ফাউন্ডেশনের বিভিন্ন স্কুলে 'মিড ডে মিল' সরবরাহের উদ্যোগের প্রশংসা করে শ্রীমতী মুর্মু বলেন, কেন্দ্রীয় সরকার 'PM পোষণ শক্তি নির্মাণ প্রকল্প'টি বাস্তবায়িত করেছে। এটি বিশ্বের বৃহত্তম মিড ডে মিল প্রকল্প, যা একটি সুস্থ ও শক্তিশালী দেশ গঠনে অত্যন্ত গুরুত্বপূর্ণ এক পদক্ষেপ। এর মধ্য দিয়ে আমাদের দেশের শিশুরা বিদ্যালয়মুখী হতে উৎসাহিত হবে।

( বাইট- রাষ্ট্রপতি/ মিড ডে মিল )

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আফগান রাজধানী কাবুলের একটি হাসপাতালে গত রাতে পাকিস্তানি বিমান হামলায় অন্তত ৪০০ জন প্রাণ হারিয়েছেন। কমপক্ষে ২৫০ জন আহত হয়েছেন।

তালিবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ জানান, পাকিস্তানি বিমান হামলায় হাসপাতালের একটি বড় অংশ ধ্বংস হয়ে গেছে এবং মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। পাকিস্তানি সামরিক বাহিনী আফগানিস্তানের আকাশসীমা লঙ্ঘন করে কাবুলের ওই মাদক পুনর্বাসন হাসপাতালে এই হামলা চালায়।

আফগানিস্তানের মানবাধিকার বিষয়ক রাষ্ট্রসংঘের বিশেষ দূত রিচার্ড বেনেট হাসপাতালে হামলায় অসামরিক নাগরিকদের প্রাণহানীর খবরে উদ্বেগ প্রকাশ করেছেন। আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাও এই হামলার নিন্দা করে বলেছে, হাসপাতালের মতো সেবামূলক স্থানে লক্ষ্যবস্তু করা উচিত নয়। কাবুলের পরিস্থিতি উত্তেজনাপূর্ণ। শহরের উপর দিয়ে ক্রমাগত সামরিক বিমান উড়ছে। পাকিস্তানি সামরিক বাহিনী সাম্প্রতিককালে বেশ কয়েকবার কাবুলে হামলা চালিয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo